

সপ্তম শ্রেণি • বাংলাদেশ ও বিশ্বপরিচয় • অধ্যয়নভিত্তিক মডেল টেস্ট (তত্ত্বীয় অংশ)

অধ্যায়—২: বাংলাদেশের সংস্কৃতি ও সাংস্কৃতিক বৈচিত্র্য

সময়: ৩০ মিনিট

পূর্ণমান: ৩০

[সৃজনশীল অংশ: যেকোনো ২টি সৃজনশীল প্রশ্নের উত্তর দাও। প্রতিটি সৃজনশীলের মান: ১০]

- প্রাকৃতিক সৌন্দর্যের লীলাভূমি আমাদের এই বাংলাদেশ। এদেশে বসবাসকারী বেশিরভাগ মানুষ বাঙালি। তবে এদেশে বেশ কয়েকটি ক্ষুদ্র নৃগোষ্ঠী বাস করে। তাদের আচার-আচরণ, পোশাক-পরিচ্ছদ, খাদ্যাভ্যাস, ধর্ম, অর্থাৎ তাদের সংস্কৃতি কোনো কোনো ক্ষেত্রে বাঙালি সংস্কৃতির চেয়ে আলাদা। একদিকে বাঙালি সংস্কৃতি অন্যদিকে পাহাড়ি নৃগোষ্ঠীর সংস্কৃতি আমাদের এই দেশকে বৈচিত্র্যতা দান করেছে।
 - নববর্ষের উৎসবে রাখাইনরা কোনটি ধুমধামের সাথে পালন করে?
 - গোপী নাচ বলতে কী বোঝায়?
 - উদ্দীপকে উল্লিখিত নৃগোষ্ঠীর সংস্কৃতির লোকবিশ্বাসের দিকটি বর্ণনা কর।
 - উক্ত নৃগোষ্ঠীর সংস্কৃতির পোশাক ও অলঙ্কারের দিকটি বৈচিত্র্যময়—মূল্যায়ন কর।
- নিচের চিত্রটি লক্ষ্য করো এবং প্রশ্নগুলোর উত্তর দাও:



চিত্র-১



চিত্র-২

- কোন সমাজ থেকে লোক সংস্কৃতির যাত্রা শুরু হয়েছে?
 - লোক সংস্কৃতি বলতে কী বোঝায়?
 - চিত্র-১ শহুরে সংস্কৃতির কোন দিকটি তুলে ধরে? ব্যাখ্যা কর।
 - তুমি কি মনে কর চিত্র-১ ও চিত্র-২ শহুরে সংস্কৃতির একই ধরনের বৈশিষ্ট্যের প্রতীক? তোমার উত্তরের স্বপক্ষে যুক্তি দাও।
- ঘটনা-১ : নীলাদ্রি ও তার বন্ধুরা রাঙামাটি বেড়াতে গিয়ে দেখল, সেখানে একটি নৃগোষ্ঠী বিশেষ একটি ভাষায় কথা বলছে। ঘটনা-২ : কবির পাঠ্যবই পড়ে জানতে পারে বাংলাদেশে বসবাসরত সম্প্রদায়সমূহের প্রত্যেকের খাওয়া-দাওয়া, পোশাক পরিচ্ছদ ও নিয়মকানুন পালনে রয়েছে ভিন্নতা। সে আরও জানতে পারে পাশাপাশি চলতে গিয়ে এক সংস্কৃতি আরেক সংস্কৃতিকে প্রভাবিত করে।
 - মুসলমানদের প্রধান ধর্মীয় উৎসব কী?
 - হিন্দুধর্মের মানুষ কী কী উৎসব পালন করে?
 - ঘটনা-১ এ বাংলাদেশের সাংস্কৃতিক বৈচিত্র্যের কোন দিকটি নির্দেশিত হয়েছে? ব্যাখ্যা কর।
 - ঘটনা-২ এর স্বরূপ মূলপাঠের আলোকে বিশ্লেষণ কর।
 - আজ ঈদের দিন। মাইকেল, পাভেল বডুয়া ও সুমন পাল মেহেদীদের বাড়িতে বেড়াতে যায়। মেহেদীর আম্মু তাদেরকে সেমাই খেতে দেন। দীর্ঘদিনের বন্ধুত্ব তাদের। এ সময়ে ঝগড়াতো দূরের কথা, কেউ কাউকে না দেখলে একটা দিনও থাকতে পারেনি। তারা সবাই একটি উৎসবে যোগদান করে আনন্দে মেতে ওঠে।
 - মানুষের ব্যক্তি ও সমাজজীবনে কোনটি বড় ভূমিকা পালন করে?
 - বাঙালি সংস্কৃতির বৈচিত্র্যতা ব্যাখ্যা কর।
 - উদ্দীপকে কোন বিষয়ের ভাব ফুটিয়ে তোলা হয়েছে? ব্যাখ্যা কর।
 - তুমি কি মনে কর মাইকেল, পাভেল, সুমন ও মেহেদী ধর্মীয়ভাবে একে অপর থেকে আলাদা হলেও তাদের মূল্যবোধ একই? তোমার উত্তরের স্বপক্ষে যুক্তি দাও।

[সংক্ষিপ্ত-উত্তর অংশ: যেকোনো ৪টি সংক্ষিপ্ত প্রশ্নের উত্তর দাও। প্রতিটি সৃজনশীলের মান: ২]

- | | |
|--|--------------------------------------|
| ১. লোক সংস্কৃতি বলতে কী বোঝায় | ৩. একুশে বইমেলায় অবদান ব্যাখ্যা কর। |
| ২. সমাজ পরিচালনায় ধর্মের ভূমিকা কতটুকু? | ৪. 'বৈসারি' বলতে কী বোঝায়? |

৫. গোপী নাচ বলতে কী বোঝায়?
৬. বাঙালির পেশা সম্পর্কে যা জান লেখ।

৭. বাংলার মানুষের প্রধান জীবিকা হিসেবে কৃষিকাজই
কেন প্রাধান্য বিস্তার করে আসছে?
৮. হিন্দুধর্মের মানুষ কী কী উৎসব পালন করে?